

আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | الْإِنْسَان

আয়াতঃ ৭৬ : ১৭

আরবি মূল আয়াত:

وَيُسْقَوْنَ فِيهَا كَأْسًا كَانَ مِزَاجُهَا زَنْجَبِيلًا ﴿١٧﴾

অনুবাদসমূহ:

সেখানে তাদেরকে পান করানো হবে পাত্রভরা আদা-মিশ্রিত সুরা, — আল-বায়ান

তাদেরকে পান করানোর জন্য এমন পাত্র পরিবেশন করা হবে যাতে আদার মিশ্রণ থাকবে। — তাইসিরুল

সেখানে তাদের পান করতে দেয়া হবে যানজাবীল মিশ্রিত পানীয় – — মুজিবুর রহমান

And they will be given to drink a cup [of wine] whose mixture is of ginger —
Sahih International

১৭. আর সেখানে তাদেরকে পান করানো হবে যানজাবীল মিশ্রিত পূর্ণপাত্র পানীয়(১),

(১) যানজাবিল এর প্রসিদ্ধ অর্থ শুকনা আদা। কাতাদা বলেন, যানজাবিল বা আদা মিশ্রিত হবে। [আত-তাকসীরুস সহীহ] আরবরা শরাবে এর মিশ্রণ পছন্দ করত। তাই জান্নাতেও একে পছন্দ করা হয়েছে। মূলত: জান্নাতের বস্তু ও দুনিয়ার বস্তু নামেই কেবল অভিন্ন। বৈশিষ্ট্যে উভয়ের মধ্যে অনেক ব্যবধান। তাই দুনিয়ার আদার আলোকে জান্নাতের আদাকে বোঝার উপায় নেই। [ফাতহুল কাদীর] তবে মুজাহিদ বলেন, এখানে যানজাবিল বলে একটি ঝর্ণাধারাকেই বুঝানো হয়েছে, যা থেকে ‘মুকাররাবীন’ বা নৈকট্যবান ব্যক্তিগণ পান করবে। [ফাতহুল কাদীর]

তাকসীরে জাকারিয়া

(১৭) সেখানে তাদেরকে পান করতে দেওয়া হবে গুঁঠ-মিশ্রিত পানীয়। [1]

[1] زَنْجَبِيلٌ শুকনা আদা (গুঁঠ)-কে বলে। এটা গরম জাতীয় জিনিস। এর মিশ্রণে সুগন্ধময় এক ধরনের ঝাঁজ সৃষ্টি হয়। তাছাড়া আরবদের নিকট এটা অতীব পছন্দনীয় জিনিস। তাই তো তাদের চা-কফিতেও আদা ব্যবহৃত হয়ে থাকে। অর্থাৎ, জান্নাতের এক প্রকার শারাব কর্পূর মিশ্রিত শীতল পানীয় হবে। আর এক প্রকারের শারাব গুঁঠ মিশ্রিত ঝাঁজালো হবে।

তাকসীরে আহসানুল বায়ান